Call Center Number
Inside Bangladesh 09610202040
From U.S. 703-988-3466
Email support-bangladesh@ustraveldocs.com

অভিবাসী ভিসা সংগ্রহ এবং ২২১ (জি) কাগজপত্র জমা দেওয়ার জন্য আপনাকে **অবশ্যই** আমাদের ওয়েবসাইট – www.ustraveldocs.com/bd এ **২৪ ঘণ্টার মধ্যে** একটি প্রোফাইল তৈরি করতে হবে।

শুধুমাত্র প্রধান আবেদনকারীকে এই প্রোফাইল তৈরি করতে হবে।

ধাপ ১
www.ustraveldocs.com/bd ওয়েবসাইটি ভিসিট করুন এবং হাতের ডান দিকের মেনু থেকে "Create Account" এ ক্লিক করুন।

ধাপ ২
অ্যাকাউন্ট তৈরি হয়ে যাওয়ার পর হাতের বা দিকের মেনু থেকে "New application/Schedule Appointment" ক্লিক করুন এবং নিম্নের বিষয় গুলো একের পর এক নির্ধারণ করুন।

- অভিবাসী ভিসার ঠিকানা রেজিস্ট্রেশান।
- আপনি যে ভিসার জন্য আবেদন করছেন সে ভিসা ক্লাস/সিম্বল।
- আপনার পাসপোর্টের বিস্তারিত সব তথ্য পুরন করুন।
- কেস নম্বর।
- আপনার সাথে আপনার পরিবারের কোন সদস্য যদি আবেদন করে থাকে তার/তাদের নাম যোগ করুন।

ধাপ ৩

- আপনার ভিসা পিক-আপ এর ঠিকানা নির্ধারণ করুন যে স্থান থেকে আপনি আপনার পাসপোর্ট সংগ্রহ করতে চান।
- কনফারমেশন পৃষ্ঠাটি প্রিন্ট করুন এবং আপনার রেকর্ডের জন্য সংরক্ষণ করুন

নিম্নে পিক-আপ লোকেশন গুলো দেওয়া আছে

শহর	খোলা থাকার সময়	শাখার ঠিকানা
ঢাকা	রবিবার থেকে বৃহস্পতিবার - সকাল ৯টা থেকে দুপুর ৪টা	ভিএফএস গ্লোবাল, চতুর্থ তলা, ডেল্টা লাইফ টাওয়ার, প্লট ৩৭, রোড ৯০, নর্থ এভিনিউ, গুলশান ২, ঢাকা ১২১২, বাংলাদেশ
সিলেট	রবিবার থেকে বৃহস্পতিবার - সকাল ৯টা থেকে দুপুর ৪টা	ভিএফএস গ্লোবাল, ৭ম তলা, নিরভানা ইন, মির্জা জঙ্গল রোড, রামের দীঘির পাড়, সিলেট -৩১০০, বাংলাদেশ
চট্টগ্রাম	রবিবার থেকে বৃহস্পতিবার - সকাল ৯টা থেকে দুপুর ৪টা	ভিএফএস গ্লোবাল, আজিজ কোর্ট, ৮৮-৮৯ কমার্স কলেজ রোড, ১৪তম তলা, চট্টগ্রাম - ৪১০০, বাংলাদেশ

ভিসা ইস্যু
আপনার অভিবাসী ভিসা যদি অনুমোদন করা হয়, তাহলে আপনি আপনার পাসপোর্ট, ভিসা এবং কাগজপত্র প্রোফাইল তৈরি করার সময় যে পিক-আপ লোকেশন বাছাই করেছেন, সে স্থান থেকে সংগ্রহ করতে পারবেন।

ভিসা রিফিউজাল
অভিবাসী ভিসা যখন ২২১ (জি) আইনের আওতায় রিফিউজ করা হয় তার মানে আবেদনকারিকে হয় অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবে তার কেস প্রক্রিয়াধীন রাখার জন্য অথবা সেই অভিবাসী ভিসা কেস এ অতিরিক্ত কার্যাবলী দরকার। যদিও, আপনার থেকে চাওয়া কাগজপত্র আপনার যত তাড়াতাড়ি সম্ভব জমা দেওয়া উচিত, আপনার সাক্ষাতকারের দিন থেকে আপনাকে ১২ মাস সময় দেওয়া হবে কোন রকম নতুন ভিসা আবেদন ফী ছাড়াই আপনার অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়ার জন্য। মার্কিন দুতাবাস, ঢাকা যদি আপনার কাছে অতিরিক্ত কাগজপত্র চেয়ে থাকে, তাহলে আপনাকে সে কাগজপত্রগুলো আপনি প্রোফাইল তৈরি করার সময় যে পিক-আপ লোকেশন বাছাই করেছেন সেই অফিসেই জমা দিতে হবে।